

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের এ্যালামনাই কে এবং কোথায় ?

(১) রাগবিঃ এ্যালামনাসের অসামান্য কৃতিত্ব

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র ডঃ রথীন্দ্র নাথ বোস যুক্তরাষ্ট্রের ওহাও অঙ্গরাজ্যে অবস্থিত Kent State University তে ১৯৯৬ সাল হতে রসায়ন বিভাগের প্রফেসর ও চেয়ারম্যান। প্রফেসর বোস অত্র বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগ হতে বি,এস-সি সম্মান (১৯৭৩) ও মাস্টার্স (১৯৭৫) উভয় পরীক্ষাতে প্রথম শ্রেণীতে ১ম স্থান পেয়ে উত্তীর্ণ হয়ে ১৯৭৬ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে রসায়নের প্রভাষক পদে যোগদান করেছিলেন। ১৯৮২ সালে তিনি যুক্তরাষ্ট্রের Georgetown University থেকে Inorganic Chemistry বিষয়ে পি,এইচ-ডি ডিগ্রী অর্জন করেন। একজন অসামান্য শিক্ষক হিসেবে যুক্তরাষ্ট্রের ক্যানসাস অঙ্গরাজ্যে অবস্থিত Pittsburg State University এর ১৯৮৭ সালের Outstanding Teaching Award অর্জন করেছিলেন। এরপর শিক্ষকতায় নৈপুণ্য প্রদর্শনের জন্য ১৯৯১ সালে Kent State University তে যাবার পর তিনি ১৯৯৩ সালে College of Arts and Sciences এর এবং ১৯৯৬ Alumni এর Distinguished Teaching Award পান। প্রফেসর বোস একজন প্রথিতযশা বিজ্ঞানী। Refereed journal এ ৭৪ টি সহ তাঁর মোট ১৩২ টি বৈজ্ঞানিক প্রবন্ধ এ পর্যন্ত প্রকাশিত হয়েছে। Analytic Chemistry, Inorganic Chemistry, Journal of Chemical Society, Inorganic Chemical Acta, International Journal of Chemistry সহ মোট ৯ টি আন্তর্জাতিক জার্নালের তিনি নিয়মিত Reviewer। বর্তমানে তিনি Structure and Dynamics of DNA Polymerases, Mechanisms of Chromium induced Carcinogenesis, Design and Synthesis of Antitumor Drugs এর উপর গবেষণা করছেন। তিনি এ পর্যন্ত বিশ্বের ২৮ টি শিক্ষায়তনে আমন্ত্রিত হয়ে বক্তৃতা করেছেন।

প্রফেসর বোস যুক্তরাষ্ট্রে বসবাসকারী প্রথম এলামনাস যিনি রাজশাহী বিশ্ববিদ্যালয় এ্যালামনাই তহবিলে অর্থদান করেছেন। তিনি ২০০১ সাল হতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান/জীব-বিজ্ঞান বিষয় সমূহের একজন গরীব থিসিস ছাত্র/ছাত্রীকে ছাত্র-বৃত্তি প্রদানের অঙ্গীকার করেছেন।

(২) রেডিও-শল্য চিকিৎসাতে রাগবিঃ এ্যালামনাস

সম্প্রতি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের প্রাক্তন ছাত্র ও শিক্ষক ডঃ সাদিকুর রহমান মালিক, যুক্তরাষ্ট্রে ক্যানসার টিউমার ও স্নায়বিক চিকিৎসাতে Gamma knife radiosurgery পদ্ধতি ব্যবহার করার জন্য সরকারী অনুমোদন (License) পেয়েছেন। এ পদ্ধতিতে গামা-রশ্মির তেজস্বিয়তা ব্যবহার করে কেশাথ্র পরিমাণ সূক্ষতা সহ মানব-দেহের অতি গভীর অবস্থানে কোনরূপ কাটাছাঁটা ছাড়াই ক্যানসারের চিকিৎসা করা সম্ভব। এ অনুমতি লাভের জন্য ডঃ মালিককে অনকোলজী পদার্থবিদ হিসেবে ওহাও (Ohio) ও পিটসবার্গ মেডিক্যাল কলেজ দুটিতে ক্যানসারের উপর ব্যাপক ট্রেনিং নিতে হয়েছিল। ডঃ

মালিক প্রথম বাংলাদেশী যিনি এ সম্মান লাভ করলেন। নিজস্ব পেশাগত ক্যানসার টিউমার ও স্নায়বিক চিকিৎসা করা ছাড়াও বর্তমানে ডঃ মালিক Lancaster General Hospital এ রেডিয়েশন অনকোলজী বিভাগের সঙ্গে যুক্ত আছেন।